2 ~~৫~~ ৪১

দৈনিক সংবাদ

তারিখ 02 NOV 1995
পৃষ্ঠা ৮ কলাম ৭

# যশোর বোর্ডের ২২ জন কর্মকর্তার বিরুদ্ধে ব্যবস্থা

## রেজিস্ট্রেশন কেলেংকারি

(নিজস্ব বার্তা পরিবেশক)

যশোর, ১লা নভেম্বর।– যশোর শিক্ষা বোর্ডের নজিরবিহীন রেজিস্ট্রেশন কেলেঙ্কারির সাথে জড়িত ২২ জন কর্মকর্তা–কর্মচারীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হয়েছে। ৪ জনকে সতর্ক করা হয়েছে এবং স্কুল পরিদর্শকের বিরুদ্ধে তদন্ত রিপোর্ট জমা না পড়ায় সিদ্ধান্ত গ্রহণ স্থগিত রাখা হয়। অভিযোগ ছিল ২৭ জনের বিরুদ্ধে। এসব দুর্নীতিবাজ কর্মকর্তা–কর্মচারীর কারণে চলতি বছরের এসএসসি পরীক্ষায় ১৫ হাজার পরীক্ষার্থীর প্রার্থিতা বাতিল করা হয়। গত ২৫শে অক্টোবর শিক্ষা বোর্ডের সর্বোচ্চ কমিটি এক সভায় এসব শাস্তিমূলক ব্যবস্থা নেয়।

বোর্ড কমিটির বৈঠকে অভিযুক্ত ২২ জনের মধ্যে ৫ জনকে চাকরি থেকে বরখাস্ত করা হয়েছে। এরা হলো নিবন্ধন বিভাগের নিম্নমান সহকারী হুমায়ুন কবীর ও রেজাউল ইসলাম, মাধ্যমিক পরীক্ষা বিভাগের আমিনুল ইসলাম, মোজাম্মেল ও মফিজুর রহমান। ৩টি ইনক্রিমেন্ট কেটে বেতন পুনর্নির্ধারণ করে বাধ্যতামূলক অবসর দেয়া হয়েছে ৩ জনকে। এরা হলো উচ্চমান সহকারী আবুল হাশেম, সেকশন অফিসার মোহাম্মদ আলী, উপপরীক্ষা নিয়ন্ত্রক আমির হোসেন। সেকশন অফিসার শাহাদত ইসলামকে পদাবনতি দিয়ে উচ্চমান সহকারী করা হয়েছে। একই সাথে বলা হয়েছে, আগামী তিন বছর শাহাদত পদোন্নতির যোগ্যতা অর্জন করবে না। উপ-বিদ্যালয় পরিদর্শক কাজী ওয়ালিউর রহমানের এলপিআর বাতিল করে বাধ্যতামূলক অবসর দেয়া হয়েছে। বাকি ৭ জনের ২ থেকে ৩টি করে ইনক্রিমেন্ট কাটা হয়েছে।

এছাড়া বোর্ড এই কেলেঙ্কারির সাথে জড়িত ৩৮৩টি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা নিতে স্কুল পরিচালনা কমিটিকে অনুরোধ জানিয়েছে।